



নম্বর: ২৩.০০.০০০০.০৪০.১২.০১.২৫-২২৩

২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ০৭ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের 'পরিচালক'-এর শূন্যপদে ইতঃপূর্বে চলতি দায়িত্ব প্রদানকৃত জনাব মোঃ মমিনুল ইসলাম-এর বিগত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন সন্তোষজনক হওয়ায় এবং তাঁর বিরুদ্ধে অডিট আপত্তি, বিভাগীয়, দুর্নীতি বা ফৌজদারী মামলা চলমান না থাকায় **চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৩**-এর অনুচ্ছেদ ৭ অনুসারে পূর্বের ধারাবাহিকতায় নিম্নরূপ শর্তে ২১/১১/২০২৬ হতে ২০/৫/২০২৭ তারিখ পর্যন্ত চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি করা হলো:

শর্তসমূহ:

- (ক) চলতি দায়িত্ব পালনকালে বর্ণিত কর্মকর্তা বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। তবে চলতি দায়িত্ব প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২৩ অনুসারে উক্ত ভাতা প্রদানের পূর্বে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে;
 - (খ) সুপারিশকৃত পদবি ব্যবহারের ক্ষেত্রে “মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন সরকারি দপ্তর/সংস্থার শূন্যপদে চলতি দায়িত্ব ও অতিরিক্ত দায়িত্ব প্রদান নীতিমালা, ২০২৩”-এর পদবি ব্যবহার সংক্রান্ত অনুচ্ছেদ-১২ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
 - (গ) নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে চলতি দায়িত্ব হতে অব্যাহতি দিতে পারবে।
- ২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

৭/১০/২০২৬

ডা. ফারহানা কবির

উপসচিব

ফোন: ০২-২২২২৪৪১৬৬

E-mail: d4@mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.০৪০.১২.০১.২৫-২২৩

২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ: ০৭ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৩। পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।

০৭/১০/২৬

ডা. ফারহানা কবির
উপসচিব